2.6 OCT. 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# ঢাবির অধিভুক্ত সাত কলেজে ভর্তির আবেদনপ্রক্রিয়া শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাবির অধিভুক্ত সাত কলেজের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক সম্মান শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদনপ্রক্রিয়া শুরু হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টা থেকে আগামী ১৪ নভেম্বর পর্যন্ত শিক্ষার্থীরা ওয়েবসাইট (www.7college.du.ac.bd) ব্যবহার করে ভর্তির আবেদন করতে পারবে। ওয়েবসাইট থেকে পে-স্লিপ নিয়ে সোনালী ব্যাংকের অনলাইনে ফি বাবদ ৪০০ টাকা জমা দিতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান গতকাল বিকেলে ভর্তিপ্রক্রিয়ার উদ্বোধন করেন। এ বছর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ১ ডিসেম্বর, বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষা ২ ডিসেম্বর এবং বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এবার সাত কলেজে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ১৬ হাজার ৯০০ জন, বাণিজ্য ইউনিটে আট হাজার ৭৮৫ জন এবং বিজ্ঞান ইউনিটে আট হাজার ৬০০ শিক্ষার্থী ভর্তি হতে পারবে।